ঝিনাইদহে যুবলীগ নেতা নয়নকে হত্যাচেষ্টা মামলার আসামী গ্রেফতার

ঝিনাইদহের আলোচিত যুবলীগ নেতা নয়নকে হত্যা চেষ্টা মামলার অন্যতম পলাতক আসামী কে ঢাকা থেকে গ্রেফতার করেছে র্যাব-৬।

র্যাবের এক প্রেসবিজ্ঞপ্তিতে জানা যায়, বৃহস্পতি বার (৫ জানুয়ারি) র্যাব-৬ (ঝিনাইদহ ক্যাম্প) এর একটি আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে যে, নয়ন হত্যাচেষ্টা মামলার অন্যতম পলাতক আসামী ঢাকা মহানগরীর মহাখালী এলাকায় আত্নগোপন রয়েছে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অভিযানিক দলটি ঢাকা মহানগরীর মহাখালী এলাকায় রাত দেড়টার দিকে অভিযান পরিচালনা করে ঝিনাইদহ সদর থানার বয়ড়াতলা গ্রামের মোঃ এনামুল কবির বিপ্লব (৩৮) কে গ্রেফতার করে।

উল্লেখ যে, রাজনৈতিক আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে পূর্ব শত্রুতার জেরধরে গত ২৮ ডিসেম্বর সন্ধ্যা সাড়ে সাতটার দিকে যুবলীগ নেতা নয়ন ইসলাম শহর থেকে নিজ বাড়ীতে ফেরার পথে ঝিনাইদহ সদর থানার বয়রাতলা ফকিরপাড়া এলাকায় পৌছলে গ্রেফতারকৃত আসামীসহ তার সহযোগীরা রামদা, চাইনিজ কুড়াল, লোহার রডসহ বিভিন্ন অস্ত্রশস্ত্র নিয়ে ভিকটিম কে এলোপাথাড়ি ভাবে আঘাত করে শরীরের বিভিন্ন স্থানে রক্তাক্ত ও গুরুতর জখম করে। তাৎক্ষনিক ভাবে স্থানীয়রা ভিকটিমকে ঝিনাইদহ সদর হাসাপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা প্রদান শেষে ভিকটিমকে ঢাকা পঙ্গু হাসাপাতালে রেফার্ড করে।

এ বিষয়ে ভিকটিমের পিতা জাহাঙ্গীর আলম বাদী হয়ে গত ২৯ ডিসেম্বর ২০২২ তারিখে ঝিনাইদহের সদর থানায় একটি হত্যাচেষ্টা মামলা দায়ের করেন। বিষয়টি বিভিন্ন মিডিয়ায় ব্যাপকভাবে প্রচারিত হয় এবং জনমনে চাঞ্চল্যের সৃষ্টি করে। উক্ত ঘটনার বিষয়ে র্যাব-৬, ঝিনাইদহ ক্যাম্পের একটি চৌকস আভিযানিক দল ছায়া তদন্ত শুরু করে এবং আসামীদের গ্রেফতারের লক্ষ্যে অভিযান অব্যাহত রাখে।
গ্রেফতারকৃত আসামীকে ঝিনাইদহ জেলার সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক কে.এম. জাহিদ হোসেন প্রধান অতিথির বক্তব্যে বলেন,গ্রামের বিভিন্ন প্রান্ত থেকে আগত যুবক ছেলে-মেয়েদের এমএস অফিস, গ্রাফিক্স ডিজাইন, ইন্টারনেট আউটসাইডসহ নানা ধরনের প্রোগ্রাম শেখানো হচ্ছে। এ ছাড়া প্রশিক্ষণ প্রাপ্তরা এ সনদ দেখিয়ে ব্যাংক থেকে অল্প সুদে ঋণও তুলতে পারবেন, যা দিয়ে গ্রামের অবহেলিত যুব সমাজের বেকারত্ব সমস্যা দূরসহ প্রধানমন্ত্রীর ডিজিটাল ও স্মাট বাংলাদেশ গড়তে ভূমিকা রাখবে।

সভাপতির বক্তব্য উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস বলেন, প্রধানমন্ত্রীর ২০২১ ভিশন ও ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ একটি উন্নত দেশে রূপান্তর করতে এবং স্মার্ট বাংলাদেশ গড়তে গ্রামের প্রত্যন্ত অঞ্চলের শিক্ষিত যুবক-তরুণীদের মধ্যে নতুন চেতনা আনতেই এবং শিক্ষিত বেকার তরুণ তরুণীদের আত্মনির্ভরশীল হিসেবে গড়ে তুলতে এমন উদ্যোগ নেওয়া হয়েছে।

কম্পিউটার প্রশিক্ষণ নিতে আসা প্রশিক্ষনার্থী জাফরিন আক্তার জেনি, সোনিয়া, মাসুম,সানোয়ার হোসেন বলেন,যুব উন্নয়নের এমন উদ্যোগে বেশ খুশি আমরা। বিনা পয়সায় কম্পিউটারের প্রশিক্ষণ শেষে আমাদের সার্টিফিকেট,যাতায়াত ভাতাসহ বিভিন্ন উপকরণ দেওয়া হবে। পাশাপাশি প্রশিক্ষণের মাধ্যমে বেকারত্ব দূরীকরণ হবে।

কম্পিউটার প্রশিক্ষক মোস্তাক হোসেন,সহকারী প্রশিক্ষক রূপালী বিশ্বাস বলেন,সরকার যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে শিক্ষিত বেকার যুবক-তরুণীদের কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করেছে। এতে করে তারা প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী হতে পারবেন। পাশাপাশি ডিজিটাল বাংলাদেশ গঠনে অগ্রণী ভূমিকা রাখবে।

মুজিবনগর উপজেলা পরিষদ চত্বরে ভ্রাম্যমাণ কম্পিউটার ভ্যানে ২ মাস ব্যাপী চারটি শিফটে ৪০ জন তরুণ তরুণীকে কম্পিউটার প্রশিক্ষণ দেওয়া হবে। সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত এ প্রশিক্ষণ চলবে।

নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠিত করে তার অধীনে সুষ্ঠু নির্বাচন করতে হবে — এ্যাড. নিতাই রায় চৌধুরী

বিএনপির ভাইস চেয়ারম্যান এ্যাড. নিতাই রায় চৌধুরী বলেছেন, পাল্র্◌ামেন্ট বহাল রেখে নির্বাচন পৃথিবীর কোথাও নেই। একজন এমপি থেকে নির্বাচন করবেন আরেকজন এমপি না হয়ে নির্বাচন করবেন, যে কারণে আমরা ২০১৪ সালের নির্বাচন বয়কট করেছি, ২০১৮ সালের নির্বাচনও বয়কট করেছি। তাই আগামী নির্বাচনের আগেই পার্লামেন্ট ভেঙে দিয়ে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠিত করে তার অধীনে সুষ্ঠু নির্বাচন করতে হবে।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরে বিএনপি ঘোষীত যুগপৎ আন্দোলনের ১০ দফা ও রাষ্ট্র কাঠামো মেরামতের রুপরেখা নিয়ে ব্যাখ্যা ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

বিএনপির আন্দোলন ব্যর্থতে পরিণত হয়েছে সাংবাদিকদের এ প্রশ্নের জবাবে নিতাই রায় চৌধুরী বলেন, পাগলে কিনা বলে ছাগলে কিনা খাই. আওয়ামী লীগ নেতাদের এখন এই অবস্থা। দেশের ৮০ ভাগ জনগণ তাদের এ ধরণের বক্তব্য ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছে। গত ১৫ বছর ধরে আমাদের ইফাতারপার্টি করতে দেওয়া হয়নি, মানববন্ধন করতে দেওয়া হয়, কোন সমাবেশ করতে দেওয়া হয়নি। ইফতার পার্টি থেকে, মানববন্ধন থেকে আমাদের নেতাকর্মীদের ধরে নিয়ে যাওয়া হয়েছে। আমাদের সোনার ছেলেদের গুম করা হয়েছে। আমাদের সমাবেশ করা, হরতাল আহবান করা, ঘেরাও করা সাংবিধানিকভাবে গণতান্ত্রিক অধিকার। সেগুলো তারা হরণ করে এখন ভুলভাল বক্তব্য দিয়ে বেড়াচ্ছে। বিএনপি একটি গণতান্ত্রিক রাজনৈতিক দল। তাই গণতান্ত্রিক ব্যবস্থায় পার্লামেন্ট ভেঙে দিয়ে নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধিনে নির্বাচন দিতে হবে।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএনপির কেন্দ্রীয় কমিটির সহ সাংগঠনিক বাবু জয়ন্ত কুমার কুণ্ডু, জেলা বিএনপির সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, সিনিয়র সহসভাপতি জাভেদ মাসুদ

মিল্টন, ইলিয়াস হোসেন, সহসভাপতি আলমগীর খান ছাতু, আব্দুর রহমান। আলোচনা সভায় মেহেরপুর জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

দর্শনায় ইয়াবাসহ জীবনগরের ৩ মাদক ব্যাবসায়ী গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৯০ পিচ ইয়াবাসহ তিন মাদক ব্যাবসায়ী গ্রেফতার করেছে পুলিশ।

বুধবার রাত ৯ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবীর এর নেতৃত্বে দর্শনা থানার এস আই নীতিষ বিশ্বাস, এ এস আই তুহিন হোসেন, এ এস আই হাফিজুর রহমানসহ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা বাসষ্ট্যান্ডের আড্ডা কফি হাউজের সামনে।

এ সময় দর্শনা থানা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানাধীন বাসষ্ট্যান্ড সংলগ্ন খন্দকার সুপার মার্কেট এর আড্ডা কফি হাউজের সামনে হতে জীবননগর উপজেলার গয়েশপুর গ্রামের উত্তরপাড়ার ফরমান আলীর ছেলে আনারুল ইসলাম আনার (৪৩) শরিফ উদ্দিনের ছেলে ইমরান উদ্দীন (৩৪) ও খোদাবক্স মিয়ার ছেলে মাসুদ মিয়া (৫১) কে ৯০ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে। বুধবার তাদের তিনজনকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দর্শনায় মাদকদ্রব্য

নিয়ন্ত্রণের পৃথক অভিযান মাদক ব্যাবসায়ী বুলেটসহ আটক-৩

দর্শনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর পৃথক পৃথক মাদক বিরোধী অভিযান চালিয়ে ইয়াবা ও ফেনসডিলসহ -৩ মাদক ব্যাবসায়ীকে আটক করেছে।

আটককৃত আসামীদেরকে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট বিভিন্ন মেয়াদে বিনাশ্রম কারাদণ্ড ও অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেছে। জানাগেছে, বুধবার সকাল সাড়ে ৯ টার দিকে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটে মোঃ সাদাত হোসেন এর নেতৃত্বে, চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর উপজেলার দর্শনা থানাধীন পৌরসভার মোহাম্মপুর ও শান্তিপাড়া এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। এসময় দর্শনা শান্তি পাড়ার আকরাম খাঁ’র ছেলে আজিজুল হাকিম শিমুল(২৯) ও হাবিবুর হাকিম বিপ্লবকে (৩২) আটক করে।
এসময় বিপ্লবের নিজ বসতঘর থেকে ২৫ পিচ ইয়াবা ও শিমুলের নিজ বসতঘর হতে উদ্ধার করা হয় ২৩ পিস ইয়াবা ট্যাবলেট। গ্রেফতারকৃত আসামীকে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫’শ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

এদিকে অভিযান একই দিনে ১২ টার দিকে দর্শনা মোহাম্মদপুরে মাদক বিরোধী অভিযান চালিয়ে শফি মিয়ার ছেলে জাহিদুল ইসলাম বুলেটকে
(৩০) আটক করা হয়। আটককৃতর নিজ বসতঘর হতে উদ্ধার করা হয় ১ বোতল ভারতীয় ফেনসিডিল।

গ্রেফতারকৃত জাহিদুল ইসলাম বুলেটকে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫’শ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।গতকালই তাদের তিনজনকে চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরন করেছে।

দামুড়হুদায় ছাত্রলীগের ৭৫তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

দামুড়হুদায় উপজেলা ছাত্রলীগের আয়োজনে বাংলাদেশ ছাত্রলীগ এর ৭৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা শিল্পকলা অডিটরিয়াম হলে।

দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুল ইসলাম মল্লিকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়নের আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক ও দামুড়হুদা সদর ইউনিয়নের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক যুগ্ম আহ্বায়ক সেলিম উদ্দিন বগা। হাউলী ইউনিয়ন যুবলীগের প্রচার সম্পাদক কামরুল ইসলাম মিফতাহ

দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকুর সঞ্চালনায় এসময় আরো উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ, যুগ্ন আহবায়ক রায়হানুল ইসলাম রাইহান।দামুড়হুদা সদর ছাত্র লীগ নেতা ছালিম হোসেন। দামুড়হুদা কলেজ ছাত্র লীগের সাবেক আহবায়ক শাহীন মোল্লা, সাবেক যুগ্ম আহবায়ক এম এ করিম, সাবেক যুগ্ম আহবায়ক আঃ সামাদ।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্র লীগের সাধারণ সম্পাদক ছানাউল কবির শিরিন। নাটুদাহ ইউনিয়ন ছাত্র লীগের সভাপতি লিমন খান, ছাত্র লীগ নেতা শাহীন,, ছাত্র লীগ নেতা সাজ্জাদ, রাসেল, লিজন, শিমুল, সুলতান, শাহীন, সাখাওয়াত, বাবু, সোহেল, রানা বিশ্বাস, সুমন, সোহাগ প্রমূখ।

গাংনীতে প্রশিক্ষণার্থীদের লাঞ্ছিতের ঘটনায় দুই প্রশিক্ষণাার্থীকে বহিষ্কারের সুপারিশ

মেহেরপুরের গাংনী মহিলা অধিদপ্তর কর্তৃক পরিচালিত বিউটিশিয়ান প্রশিক্ষণ কেন্দ্রে হামলা ও লাঞ্ছিতর ঘটনায় দুই শিক্ষার্থীকে বহিষ্কারের জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন করেছেন শিক্ষার্থীরা। ওই দুই শিক্ষার্থী হচ্ছে- অনন্যা ফয়েজ ও তামান্না ফয়েজ। এদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছেন মহিলা বিষয়ক কর্মকর্তা।

জানা গেছে, এসএম ফয়েজ নামের এক ব্যক্তি মহিলা বিষয়ক অধিদপ্তরে এসে তার দুই মেয়ে অনন্যা ফয়েজ ও তামান্না ফয়েজকে বিউটিশিয়ান প্রশিক্ষণে ভর্তি করান। এরা দুজনই প্রশিক্ষণে এসে মোবাইল ফোন ব্যবহার করে ও টিকটক ভিডিও করে। এতে নিষেধ করলে ফয়েজ আহমেদ আজ বুধবার সকালে প্রশিক্ষণ কক্ষে ঢুকে প্রশিক্ষকসহ অন্যান্য প্রশিক্ষণার্থীদের উপর হামলা চালিয়ে লাঞ্ছিত করে। এসময় ফেশিয়াল কাজে ব্যবহৃত নানা উপকরণ নষ্ট করে ফেলে। শুধু তাই নয়, ফয়েজ ও তার স্ত্রী তানিয়া তাবাচ্ছুম মহিলা বিষয়ক অধিদপ্তরে এসে কর্মকর্তা নাছিমা খাতুনকে নানা ধরণর হুমকী প্রদান করে।

এ ঘটনায় অন্যান্য শিক্ষার্থীরা ওই দুই শিক্ষার্থী অনন্যা ফয়েজ ও তামান্না ফয়েজকে বিউটিশিয়ান প্রশিক্ষণ থেকে বহিষ্কার করার জন্য উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন করে। উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম মহিলা বিষয়ক কর্মকর্তাকে ব্যবস্থা নেয়ার জন্য সুপারিশ করেন।

মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন ঘটনার সত্যতা স্বীকার করে জানান, উপজেলা নির্বাহী অফিসারের সুপারিশ অনুযায়ি ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে পৃথক ভাবে ছাত্রলীগের ৭৫তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

মেহেরপুরের গাংনীতে বাংলাদেশ ছাত্রলীগের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে আজ বুধবার বিকেলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন, শোভাযাত্রা, আলোচনাসভা ও কেক কাটার আয়োজন করা হয়।

শোভা যাত্রাটি গাংনী আলিয়া মাদ্রাসা থেকে বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে গাংনী বাজার রেজাউল চত্বরে গিয়ে আলোচনাসভার মধ্যেদিয়ে অনুষ্ঠানের সমাপনী করা হয়। অনুষ্ঠানে উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টুর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মখলেছুর রহমান মুকুল, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুন্তাসিরজামান মৃদুল, পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম রানা ও সাধারণ সম্পাদক নাসিরুল ইসলাম মহনসহ আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মি উপস্থিত ছিলেন।

এর আগে গাংনী উপজেলা ও কলেজ ছাত্রলীগের একাংশের আয়োজনে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়। সেখানে কলেজ ছাত্রলীগের সভাপতি শাহিন রেজার সভাপতিত্বে ও উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিকের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক। অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন,উপজেলা কৃষক লীগের সভাপতি আতিয়ার রহমান,সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশসহ ছাত্রলীগের কর্মীবৃন্দ। অন্যদিকে একই সময়ে গাংনী সরকারী ডিগ্রী কলেজ ছাত্রলীগের সাধারণ ফিরোজ আহম্মেদের নেতৃত্বে প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে র্যালী ও আলোচনাসভার আয়োজন করে।

কুষ্টিয়ায় রোটারী ক্লাবের উদ্যোগ শীতার্ত মানুষ মাঝে কম্বল বিতরণ

কুষ্টিয়ায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। রোটারী ক্লাব অব কুষ্টিয়ার উদ্যোগে গতকাল মঙ্গলবার কুষ্টিয়া পৌরসভার ৭ ও ৮ নং ওয়ার্ড এলাকায় এ শীতবস্ত্র বিতরণ করা হয়।

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট রোটারিয়ান আবু হাসান লিটন এমপিএইচএফ এমডি এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন, রোটারি ক্লাব অব কুষ্টিয়ার শীত বস্ত্র উপহার প্রদানে উপস্থিত ছিলেন রোটারি ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক ৩২৮১ এর অ্যাডিশনাল গভর্নর রোটারিয়ান অজয় সুরেকা এমপিএইচএফ, ডিস্ট্রিক সেক্রেটারি সৈয়দা হাবিবা একেএস, রোটারি ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট-ইলেক্ট রোটারিয়ান অ্যাডভোকেট মোসাদ্দেক আলী মণি এমপিএইচএফ এমডি, প্রেসিডেন্ট-নমিনি রোটারিয়ান রুয়াইম রাব্বি এমপিএইচএফ এমডি, সেক্রেটারি তুষার রতন, রোটারিয়ান গোপা সরকার আরএফএসএম, রোটারিয়ান বরেন পোদ্দার, রোটারেক্ট শাহরিয়ার পারভেজ শাওন, কুষ্টিয়া পৌরসভার ৭নং ওয়ার্ড কমিশনার এইচ এম তানভীর নবেল এবং ৮নং ওয়ার্ড কমিশনার শেখ কৌশিক আহম্মেদসহ অনেকে।

রোটারি ইন্টারন্যাশনাল ডিস্ট্রিক ৩২৮১ এর অ্যাডিশনাল গভর্নর রোটারিয়ান অজয় সুরেকা এমপিএইচএফ জানান, সারাদেশের মতো কুষ্টিয়াতেও শীতের প্রকোপ বৃদ্ধি পেয়েছে। এই কনকনে শীতে পৌরসভার ৭ ও ৮ নং এলাকার শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

আর্তমানবতার সেবায় রোটারী ক্লাব অব কুষ্টিয়া নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সমাজের বিভিন্ শ্রেনী পেশার মানুষের জন্য রোটারী ক্লাব অব কুষ্টিয়া বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে তা বাস্তবায়নের মাধ্যমে মানুষের অন্তরে স্থান করে নিয়েছে।

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট রোটারিয়ান আবু হাসান

লিটন বলেন, আমরা যারা রোটারী করি এসব রোটারিয়ানরা নিজেদের উপার্জনের অর্থের একটি অংশ সমাজের অসহায় মানুষের কল্যাণে ব্যয় করে থাকি। রোটারীর মাধ্যমে মানুষের সহায়তায় এগিয়ে আসা একটি মহৎ কাজ। সমাজের বিত্তবানদের সকলের উচিত যার যার অবস্থান থেকে রোটারীর ন্যায় সাহায্যের হাত প্রসারিত করা। তাহলেই আগামীর জন্য একটি সুখী-সুন্দর সমাজ বিনির্মাণ করা সম্ভব।

এদিকে কম্বল পেয়ে বিভিন্ন পেশার মানুষ বলেন, রোটারী ক্লাবের পক্ষ থেকে এই তীব্র শীতে কম্বল উপহার পেয়ে আমাদের অনেক উপকারে লাগবে। শীত লাঘব হবে। কম্বল পেয়ে একটু আরাম পাবো।

দামুড়হুদায় বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে চেক বিতরন করলেন এমপি টগর

দামুড়হুদা উপজেলার বিভিন্ন ইউনিয়নে ২০২২-২৩ অর্থ বছর গ্রামীন অবকাঠামা রক্ষণাবেক্ষন কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক বিভিন প্রকল্প বাস্তবায়ন বরাদ্দকৃত অর্থের চেক বিতরণ করা হয়েছে।

আজ বুধবার বেলা ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা সম্মেলন কক্ষে দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর, কার্পাসডাঙ্গা, কুড়ুলগাছি, পারকৃষ্ণপুর-মদনা, হাউলী, নাটুদহ, দামুড়হুদা সদর, ইউনিয়নের ৫৬ টি ধর্মীয় প্রতিষ্ঠানে ৪১ লাখ ১৮হাজার টাকার চেক বিতরণকালে চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজি মোঃ আলী আজগার টগর বলেন, দীর্ঘ ২১ বছর এ দেশের মানুষ তাদের অধিকার থেকে বঞ্চিত ছিলো। বারবার উন্নয়নের নাম তৎকালীন ক্ষমতাশীনরা কোটি কোটি টাকা লোপাট করে নিজদের আখের গুছিয়েছে। জাতীর জনকের সুযোগ্য উত্তরসুরি আ.লীগ সভানেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এ দেশ উউন্নয়নের কাজে চলছে দূর্বার গতিতে। প্রতিশ্রুতিশীল এ সরকার দেশবাসির কাছে উন্নয়নের যা ওয়াদা করেছিল সারাদেশে উন্নয়নের মধ্য দিয়ে তা রক্ষা করছে। এরই ধারাবাহিতকায় দেশের বিভিন অঞ্চল্যের দীর্ঘদিনের অবহেলীত সড়ক নির্মান সহ বিভিন প্রকল্পের কর্মসুচি